# তুমি যখন থানায় থাকবে তখন তোমার অধিকারসমূহ

শিশু এবং তরুণ-তরুণীদের জন্য একটি নির্দেশিকা

**তুমি যখন কোনও থানায় থাকবে সেই সময় তোমার অধিকার সম্পর্কে এই লিফলেটটি তোমাকে গুরুত্বপূর্ণ তথ্য দেবে।** অধিকার হল আমাদের আইন দ্বারা সুরক্ষিত অধিকার এবং সহায়তা। প্রাপ্তবয়স্কদের থেকে 18 বছরের কম বয়সী শিশুদের কিছু আলাদা অধিকার রয়েছে এবং এই লিফলেটটি তোমার সেইসব অধিকার সম্পর্কে ব্যাখ্যা করে।

**তোমার অধিকার সম্পর্কে জানা এবং বোঝা তোমাকে কখন তোমার সঙ্গে ন্যায্য আচরণ করা হচ্ছে, তা জানতে সহায়তা করতে পারে।** থা থানায় থাকাকালীন পুলিসের তোমাকে অনিষ্টর হাত থেকে রক্ষা করা এবং তুমি যাতে ভাল থাকো সেই খেয়াল রাখার দায়িত্ব রয়েছে, এমনকি যদি তাদের কাছে প্রমাণ থাকেও যে তুমি হয়তো ক্ষতি করার জন্য কিছু করেছ। নায় থাকাকালীন পুলিসের তোমাকে অনিষ্টর হাত থেকে রক্ষা করা এবং তুমি যাতে ভাল থাকো সেই খেয়াল রাখার দায়িত্ব রয়েছে, এমনকি যদি তাদের কাছে প্রমাণ থাকেও যে তুমি হয়তো ক্ষতি করার জন্য কিছু করেছ।


**যত তাড়াতাড়ি সম্ভব এই লিফলেটটি পড়ে নাও।** . তুমি যখন থানায় থাকবে তখন এটি তোমাকে সিদ্ধান্ত নিতে সহায়তা করবে। যে ব্যক্তি তোমাকে এই লিফলেটটি দেবেন, তিনি তোমাকে এটি পড়তে এবং বুঝতে সহায়তা করবেন। তারা তোমাকে এটাও জিজ্ঞাসা করবেন যে তুমি এই লিফলেটের একটি ভিন্ন সংস্করণ, যেমন অন্য কোনও ভাষায় অথবা একটু সহজ ভাষায় লেখা চাও কিনা।.

CYCJ Children and Young People's Centre for Justice
STARR
Safer Scotland Scottish Government

1. **পুলিশ তোমাকে কেন থানায় আটকে রেখেছেন তা জানার অধিকার তোমার আছে।**

2. **পুলিশ তোমাকে কেন থানায় নিয়ে এসেছেন তা জানার অধিকার তোমার আছে।**






3. তুমি যদি তোমার নাম, ঠিকানা, জন্মতারিখ এবং জাতীয়তা জানো তবে সেগুলি পুলিশকে জানাতে হবে। শুধুমাত্র এই প্রশ্নগুলির উত্তর তোমাকে দিতে হবে। **অন্য যে কোনও প্রশ্নের উত্তর না দেওয়ার অধিকার তোমার আছে।**

4. **তুমি থানায় আছ সে কথা কাউকে জানানোর অধিকার তোমার আছে।** পুলিশ তোমাকে জিজ্ঞাসা করবেন যে তুমি কি চাও যে তোমার সেখানে থাকার সংবাদ তারা কাউকে জানিয়ে দেন। তিনি তোমার পরিবারের কেউ, তোমার সঙ্গী, তোমার পরিচর্যাকারী, তোমার বন্ধু বা তোমার পরিচিত বা অন্য যে কোনও ব্যক্তি হতে পারেন। তোমাকে হয়তো তাদের সঙ্গে কথা বলার অনুমতি দেওয়া হবে না। তোমার বয়স 16 বছরের কম হলে বা বাধ্যতামূলক কারোর তত্ত্বাবধানে থাকার আদেশ থাকলে তোমার সঙ্গে থানায় একজনের থাকার অধিকার আছে। থানায় তোমার মা-বাবা বা অভিভাবকের সঙ্গে দেখা করার অধিকার তোমার আছে।

5. **তুমি থানায় আছ সে কথা একজন আইনজীবীকে জানানোর অধিকার তোমার আছে।** পুলিশ তোমাকে জিজ্ঞাসা করবেন যে তুমি কি চাও যে তোমার সেখানে থাকার সংবাদ তারা একজন আইনজীবীকে জানিয়ে দেন। তিনি তোমার নিজের আইনজীবী হতে পারেন বা অন-কল আইনজীবী হতে পারেন, তোমার জন্য অন্য আইনজীবীর ব্যবস্থা করা হতে পারে। এই পরিষেবা বিনামূল্যে পাওয়া যাবে।



6. **যে কোনও সময় একজন আইনজীবীর সঙ্গে একান্তে কথা বলার অধিকার তোমার আছে।** এই পরিষেবা বিনামূল্যে পাওয়া যাবে।

7. **পুলিশ যদি তোমাকে জিজ্ঞাসাবাদ করেন, তাহলে একজন আইনজীবীকে সঙ্গে রাখার অধিকার তোমার আছে।** এই পরিষেবা বিনামূল্যে পাওয়া যাবে।

8. **তোমার বয়স 16 বছরের কম হলে, পুলিশ তোমাকে জিজ্ঞাসাবাদ করার সময় একজন আইনজীবীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে, যদি না তা কারও ঝুঁকির কারণ হয়।** তোমার বয়স 16 বা 17 হলে এবং বাধ্যতামূলক কারও তত্ত্বাবধানে থাকার আদেশ থাকলে, ব্যতিক্রমী পরিস্থিতি ছাড়া পুলিশ যখন তোমাকে জিজ্ঞাসাবাদ করবেন, তখন একজন আইনজীবীকে অবশ্যই উপস্থিত থাকতে হবে।

9. **তুমি অসুস্থ বা আহত হলে চিকিৎসা সহায়তা পাওয়ার অধিকার তোমার আছে। এর মধ্যে তোমার মানসিক স্বাস্থ্যের জন্য সহায়তাও অন্তর্ভুক্ত আছে।** থানায় থাকাকালীন তোমাকে সঠিকভাবে দেখাশোনা করা হয়েছে তা নিশ্চিত করতে সহায়তা করার জন্য পুলিশ তোমাকে তোমার স্বাস্থ্য এবং ভাল থাকা সম্পর্কে প্রশ্ন জিজ্ঞাসা করবেন। তুমি থানায় থাকাকালীন তোমার উপর প্রভাব ফেলতে পারে এমন কোনও চিকিৎসা সম্পর্কিত স্থিতি থাকলে তুমি পুলিশকে জানান। পুলিশ একজন নার্স বা ডাক্তারকে তোমাকে পরীক্ষা করার জন্য বলতে পারেন। থানায় থাকাকালীন তোমাকে সঠিকভাবে দেখাশোনা করা হয়েছে তা নিশ্চিত করতে এটি সহায়তা করবে। ডাক্তার, নার্স বা অন্যান্য স্বাস্থ্যসেবা পেশাদারের সঙ্গে তোমার কথা বলার প্রয়োজন আছে কিনা তা পুলিশের তোমাকে জিজ্ঞাসা করা উচি ।

10. **খাদ্য ও পানীয়ের অধিকার তোমার আছে।** তোমাকে জল সরবরাহ করা হবে। তুমি যদি থানায় চার ঘন্টার বেশী সময় থাকো তাহলে তোমাকে খাবার দেওয়া হবে। তোমার কোন নির্দিষ্ট খাদ্যতালিকাগত চাহিদা সম্পর্কে পুলিশ তোমাকে যত তাড়াতাড়ি সম্ভব জিজ্ঞাসা করবেন।

CYCJ Children and Young People's Centre for Justice

STARR

Safer Scotland Scottish Government

# আরও নির্দেশিকা...

## তোমার যদি অতিরিক্ত সহায়তার প্রয়োজন হয়

তুমি যখন থানায় থাকবেন তখন কি ঘটছে তা বোঝার জন্য তোমার সাহায্যের প্রয়োজন হতে পারে। তোমার বয়স 16 বছর বা তার বেশী হলে, এই সহায়তাটি উপযুক্ত প্রাপ্তবয়স্ক বলে পরিচিত একজন প্রশিক্ষিত সহায়ক ব্যক্তির কাছ থেকে হতে পারে। তোমার যদি শেখার ক্ষেত্রে অক্ষমতা বা মানসিক স্বাস্থ্য সম্পর্কিত সমস্যা থাকে তবে এর প্রয়োজন হতে পারে। পুলিশ যদি মনে করেন যে তোমার একজন উপযুক্ত প্রাপ্তবয়স্ক ব্যক্তির সহায়তা প্রয়োজন, তাহলে তুমি না চাইলেও তারা তোমাকে একজনের সহায়তা পাওয়ার ব্যবস্থা করবেন।

## তোমাকে সহায়তা করার জন্য একজন দোভাষী নেওয়া

থানায় কি বলা হচ্ছে তা তোমার জন্য বুঝতে পারা গুরুত্বপূর্ণ। তুমি যদি ইংরেজি বলতে বা বুঝতে না পারেন, তাহলে পুলিশ তোমাকে সহায়তা করার জন্য তোমার ভাষায় কথা বলেন এমন একজনকে উপস্থিত করবেন। এই ব্যক্তিকে দোভাষী বলা হয়। এই পরিষেবা বিনামূল্যে পাওয়া যাবে।

## যোগাযোগের জন্য সহায়তা পাওয়া

থানায় কি ঘটছে তা বোঝা অনেক মানুষের ক্ষেত্রেই কঠিন। তোমার সহায়তার প্রয়োজন হলে বা কোনও বিষয়ে নিশ্চিত না হলে পুলিশের তোমাকে জিজ্ঞাসা করা উচিৎ। তোমার যদি পড়ার বিষয়ে সহায়তার প্রয়োজন হয় তবে তারা তোমাকে সহায়তা প্রদান করবেন। তুমি যদি বধির হও বা স্পষ্টভাবে মনের ভাব প্রকাশে সমস্যা হয়, তাহলে পুলিশ তোমাকে সহায়তা করার জন্য কাউকে আনবেন। তিনি একজন BSL দোভাষী বা অন্য কোনও উপযুক্ত পেশাদার হতে পারেন। এই পরিষেবা বিনামূল্যে পাওয়া যাবে।

## তুমি যদি ব্রিটিশ না হও

তুমি যদি ব্রিটিশ নাগরিক না হও, তাহলে পুলিশের তোমার হাইকমিশন, দূতাবাস বা কনস্যুলেটের সঙ্গে যোগাযোগ করে তুমি কোথায় আছ এবং কেন তুমি থানায় আছ তা জানানো উচি । তখন কেউ তোমার সঙ্গে একান্তে দেখা করতে পারেন এবং তোমার জন্য একজন আইনজীবীর ব্যবস্থা করতে পারেন।

## তোমার বিরুদ্ধে অপরাধের অভিযোগ থাকলে বা ওয়ারেন্ট অনুযায়ী তোমাকে থানায় আনা হলে কি হবে?

তোমার বিরুদ্ধে যদি কোনও অপরাধের অভিযোগ থাকে, তাহলে তোমাকে ছেড়ে দেওয়া হতে পারে বা তোমাকে থানায় রেখে পরবর্তী সম্ভাব্য দিনে আদালতে নিয়ে যাওয়া হতে পারে। তোমাকে যদি ওয়ারেন্ট অনুযায়ী থানায় আনা হয়, তাহলে তোমাকে আটক রেখে পরবর্তী সম্ভাব্য দিনে আদালতে নিয়ে যাওয়া হতে পারে। কিছু পরিস্থিতিতে, তোমাকে বাড়িতে যাওয়ার অনুমতি দেওয়া হতে পারে।

## তোমাকে কতদিন হেফাজতে রাখা যেতে পারে?

পুলিশ তোমাকে অপরাধের জন্য অভিযুক্ত না করে 12 ঘন্টা পর্যন্ত হেফাজতে রাখতে পারেন। কোনও সিনিয়র পুলিশ অফিসার যদি সম্মত হন, শুধুমাত্র তবেই পুলিশ এটি সর্বোচ্চ 24 ঘন্টা পর্যন্ত বাড়াতে পারেন। এই সিদ্ধান্ত সম্পর্কে মতামত জানানোর অধিকার তোমার আছে, অথবা তুমি চাইলে তোমার আইনজীবী তোমার পক্ষ থেকে পুলিশের সঙ্গে কথা বলতে পারেন।

## কাগজপত্র দেখতে পাওয়া

তোমার মামলা আদালতে গেলে মামলার প্রমাণের নথিগুলি তোমাকে বা তোমার আইনজীবীকে দেওয়া হবে। এটি তোমাকে বা তোমার আইনজীবীকে তোমার আত্মপক্ষ সমর্থন করার সুবিধা দেবে। তুমি যদি ইংরেজি না বোঝো তাহলে এই তথ্যটির অনুবাদ বা অন্তত গুরুত্বপূর্ণ কাগজপত্রের প্রাসঙ্গিক অংশগুলির অনুবাদ পাওয়ার অধিকার তোমার আছে।

CYCJ Children and Young People's Centre for Justice
STARR
Safer Scotland
Scottish Government

# আরও নির্দেশিকা...

## আইনজীবী পাওয়ার অধিকার সম্পর্কে তথ্য

- তুমি আইনজীবীর সঙ্গে কথা বলতে চাও কিনা পুলিশ তোমাকে তা জিজ্ঞাসা করবেন। পুলিশ যত তাড়াতাড়ি সম্ভব তোমার জন্য একজন আইনজীবীর সঙ্গে যোগাযোগ করবেন।
- তুমি যে কোনও সময় একজন আইনজীবীর সঙ্গে গোপনে কথা বলতে পারবে। এটি টেলিফোনে হতে পারে, অথবা তারা থানায় এসে তোমার সঙ্গে দেখা করতে পারেন।
- একজন আইনজীবীর সঙ্গে কথা বলা স্বাভাবিক ব্যাপার, এর ফলে কেউ মনে করবে না যে তুমি খারাপ কিছু করেছ।
- একজন আইনজীবীর কাজ হল তোমার অধিকার রক্ষা করা এবং আইন সম্পর্কে তোমাকে পরামর্শ দেওয়া।
- তুমি তোমার পরিচিত একজন আইনজীবীর সঙ্গে কথা বলতে পারো বা এমন কোনও আইনজীবীর সঙ্গে কথা বলতে পারো যার সঙ্গে পুলিশ তোমার কথা বলার ব্যবস্থা করে দিয়েছেন - এই আইনজীবীকে অন-কল আইনজীবী হিসাবে উল্লেখ করা হয়। অন-কল আইনজীবীরা স্বাধীন এবং তারা পুলিশের জন্য কাজ করেন না।
- পুলিশ যদি তোমাকে জিজ্ঞাসাবাদ করেন, তখন তুমি তোমার সঙ্গে একজন আইনজীবীকে ঘরে রাখতে চান কিনা, তা পুলিশ জিজ্ঞাসা করবেন।
- তুমি যদি একজন আইনজীবীকে তোমার সঙ্গে ঘরে রাখতে চাও বলে জানিয়ে থাকো তবে পুলিশকে সাধারণত আইনজীবী ছাড়া তোমাকে জিজ্ঞাসাবাদ করার অনুমতি দেওয়া হয় না।
- তুমি একজন আইনজীবীর সঙ্গে কথা বলার বিষয়ে তোমার মত পরিবর্তন করতে পারো এবং যে কোনও সময় একজন আইনজীবীর সঙ্গে পরামর্শ করতে চাইতে পারো। যত তাড়াতাড়ি সম্ভব পুলিশকে বললো এবং তারা তোমার জন্য একজন আইনজীবীর সঙ্গে যোগাযোগ করবেন।
- আইনজীবী থানায় আসবেন বলেও না এলে অথবা তুমি আবার তোমার আইনজীবীর সঙ্গে কথা বলতে চাইলে, পুলিশকে তার সঙ্গে আবার যোগাযোগ করতে বলতে পারো। আইনজীবীর সঙ্গে যোগাযোগ করার পরে তারা কখন থানায় আসবেন তা পুলিশ ঠিক করতে পারেন না। তুমি চাইলে পুলিশ তোমার মতামত ও ইচ্ছা এই আইনজীবীর সঙ্গে শেয়ার করতে পারেন।

## তোমার অভিযোগ জানানোর অধিকার

- তোমার প্রতি পুলিশের আচরণের ধরণ সম্পর্কে অভিযোগ করার অধিকার তোমার আছে।
- তুমি যদি পুলিশ স্কটল্যান্ড সম্পর্কে অভিযোগ করো তবে এর ফলে তোমাকে খারাপ ভাবা হবে না।
- তুমি যখন হেফাজতে থাকবে তখন তুমি অভিযোগ করতে পারো।
- তুমি হেফাজতে থাকাকালীন অভিযোগ করতে চাইলে, একজন ইনস্পেক্টর বা উচ্চ পদাধিকারীর সঙ্গে কথা বলবে।
- মুক্তি পাওয়ার পর অভিযোগ করতে চাইলে তুমি যে কোনও থানায় যেতে পারো।
- তোমার গ্রেপ্তারের সময় বা পুলিশ হেফাজতে থাকাকালীন কোনও পুলিশ অফিসার যদি তোমাকে আঘাত দেন বা আহত করেন, তাহলে তোমার পুলিশ স্কটল্যান্ড প্রফেশনাল স্ট্যান্ডার্ড ডিপার্টমেন্টে অভিযোগ জানানো উচিৎ।
- অভিযোগ জানাতে 101-এ কল করবে অথবা স্থানীয় থানায় যাবে।
- এছাড়াও তুমি অন্য কাউকে তোমার হয়ে অভিযোগ জানাতে বলতে পারো। তিনি তোমার মা-বাবা, বন্ধু, সঙ্গী বা তোমার বিশ্বাসযোগ্য যে কেউ হতে পারেন। তাদেরকে তোমার লিখিত অনুমতি দিতে হবে।

চিলড্রেন অ্যান্ড ইয়াং পিপলস সেন্টার ফর জাস্টিস (CYCJ) এবং স্কটিশ সরকারের সঙ্গে অংশীদারিত্বে এই লিফলেটটি স্কটল্যান্ডের নিরাপদ যত্ন সম্পর্কিত অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তিদের জন্য একমাত্র কিউরেটেড স্থান, STARR-এর সদস্যদের দ্বারা সহনির্মিত হয়েছে। 'তোমার অভিযোগ করার অধিকার' পিপল ফার্স্ট স্কটল্যান্ড থেকে উপযোগী করে নেওয়া হয়েছে।

আরও তথ্য এবং সহায়তার জন্য **justtherightspace.org** দেখুন

© Crown copyright 2023

Children and Young People's Centre for Justice

Safer Scotland Scottish Government